দৈনিক বাংলা

তারিখ ... 19 MAY 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

ভার্সিটি কর্তৃপক্ষের সঙ্গে ছাত্র নেতাদের বৈঠক

# অস্ত্রধারীদের কোন ছাত্র সংগঠন আশ্রয় দেবে না

।। স্টাফ রিপোর্টার ।।

এক সপ্তাহ স্থগিত থাকার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ গতকাল পুণরায় শুরু হয়েছে। ঘূর্ণিদুর্গত এলাকায় ছাত্র, শিক্ষক, অফিসার ও কর্মচারীদের ত্রাণ কাজে অংশ নেয়ার সুবিধার জন্যে বিশ্ববিদ্যালয়ের ক্লাস ও পরীক্ষাসমূহ ১১ই মে থেকে স্থগিত ছিল।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকালের জন্যে ক্যাম্পাসে সমাবেশ অনুষ্ঠান ও মিছিলের ওপর নিষেধাজ্ঞা আরোপ করেন। ক্যাম্পাসে পুলিশ ও বিডিআর-এর টহল অব্যাহত রয়েছে। বিশ্ববিদ্যালয়ের ভেতরের এবং সংলগ্ন সড়ক দিয়ে যানবাহন চলাচলও নি... করা হচ্ছে।

গতকাল...

## আশ্রয় দেবে না

(প্রথম পৃষ্ঠার পর)

অস্ত্রের সহ-অবস্থান হতে পারে না বলে সভায় একমত প্রকাশ করা হয়। এ বিষয়ে ছাত্র সংগঠনগুলো সাংগঠনিক পর্যায়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে বলে প্রতিশ্রুতি দেয়।

অস্ত্র উদ্ধারে আইন শৃংখলাবাহিনী সুষ্ঠু ও নিরপেক্ষভাবে দায়িত্ব পালন করবে বলে সভায় আশা প্রকাশ করা হয়। সভায় সিদ্ধান্ত হয়েছে যে কোন ছাত্র সংগঠন বহিরাগত বা অস্ত্রধারীদের আশ্রয় দেবে না। বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর এম মনিরুজ্জামান মিঞা সভায় সভাপতিত্ব করেন।

**ছাত্রলীগের (আ—অ) সমাবেশ**

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টির প্রতিবাদে ছাত্রলীগ (আ—অ) গতকাল জাতীয় প্রেস ক্লাবের সামনে সমাবেশের আয়োজন করে। এতে বক্তৃতা করেন সংগঠনের সভাপতি শাহে আলম, সাধারণ সম্পাদক অসীম কুমার উকিল, বিশ্ববিদ্যালয় শাখার নেতা গোলাম মোস্তফা সৃজন ও কামরুজ্জামান আনসারী।

বক্তাগণ অভিযোগ করেন যে ক্যাম্পাসে সন্ত্রাসের জন্যে জাতীয়তাবাদী ছাত্রদলই দায়ী। ছাত্রদল পুলিশ প্রহরায় সন্ত্রাস চালাচ্ছে। ছাত্রলীগ (আ—অ) নেতৃবৃন্দ বলেন, এরপরে ক্যাম্পাসে কিছু ঘটলে তার জন্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয় দায়ী থাকবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিরপেক্ষতা নিয়েও প্রশ্ন উঠেছে। সমাবেশে বুধবার রাতে পলাশী থেকে সংগঠনের গ্রেফতারকৃত কর্মীদের মুক্তির দাবী জানানো হয়। সমাবেশের আগে ডাকসু ভবনের সামনে থেকে ছাত্রলীগের মিছিল বের হয়।